গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২০.১৫৪৯

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৯
২১ নভেম্বর ২০২২

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা এর আঞ্চলিক উপপরিচালক না থাকায় উক্ত শূন্য পদের অতিরিক্ত দায়িত্ব হিসেবে জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা জনাব মোঃ ইউনুছ ফারুকী কে গত ১৩.১১.২০২২ খ্রি: হতে বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা এর আঞ্চলিক উপপরিচালকের অতিরিক্ত দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক)	এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে আঞ্চলিক উপপরিচালক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
(খ)	ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
(গ)	দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোতভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।
(ঘ)	তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২১-১১-২০২২
দূর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২০.১৫৪৯/১(৬)

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৯
২১ নভেম্বর ২০২২

২১ নভেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

২) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ..., ...।

৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।

৪) জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।

৫) জনাব মোঃ ইউনুছ ফারুকী, জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।

৬) সংরক্ষণ নথি।



২১-১১-২০২২

দূর্গা রানী সিকদার

সহকারী পরিচালক-১